# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৩৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ উল্লেখিত বাক্যগুলি শ্রেষ্ঠ বাক্যের অন্তর্ভূক্ত, বাক্যগুলির মধ্য হতে যে কোন বাক্য আগে বলা হোক না কেন তাতে কোন ক্ষতি নেই

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذِهِ الْكَلِمَاتِ مِنْ خَيْرِ الكلمات لا يَضُرُّ المرء بأيهن بدأ

---

আরবী

833 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سُلَيْمَانَ بْنِ فَارِسٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَلِيِّ بْنِ الْحَسَنِ بْنِ شَقِيقٍ قَالَ: سَمِعْتُ أَبِي يَقُولُ: أَخْبَرَنَا أَبُو حَمْزَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (خَيْرُ الْكَلَامِ أَرْبَعٌ لَا يَضُرُّكَ بِأَيِّهِنَّ بَدَأْتَ: سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا الله والله أكبر)

الراوي : أَبُو سَلْمَى ||المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 833 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮৩৩. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “সর্বাধিক উৎকৃষ্ট বাক্য হলো চারটি। এর যে কোন এক বাক্য দিয়ে করো না কেন, তাতে কোন ক্ষতি নেই। বাক্যগুলি হলো “سُبْحَانَ اللَّهِ (আল্লাহর পবিত্রতা ঘোষনা করছি), الْحَمْدُ لِلَّهِ (সমস্ত প্রশংসা আল্লাহর জন্য), لَا إِلَهَ إِلَّا اللَّهُ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই), اللَّهُ أَكْبَرُ (আল্লাহ সবচেয়ে বড়)।”[1]

ফুটনোট

[1] মুসনাদ্ আহমাদ: 4/36; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৮৪২; নাসাঈ: ৮৪০; সুয়ূতী, আল জামি‘উল কাবীর: ২/৫১৮।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা’লীকুর রাগীব: ২/২৪৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89336

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন